

## মেয়েদের পাড়ায় পাড়ায়

শঙ্খা ঘোষ

'তারপর আটমাসের মেয়েটিকে ভাসিয়ে দিয়ে যুবতী বধুটিও.....'

মনে হয়                    অনেক দিনই  
সে কিছু                    বলছিল না  
ভেবেছে                    অভাব তো নেই  
দড়িরও না                কলসীর ও না!  
যদি জল                    সামনে থাকে,  
অতলে                    বাঁধবে তাকে  
সাত না-                    হাজার পাকে  
জলে কি                    মন ছিল না?  
ভেবে সে                    অনেক দিনই  
কিছু আর                বলছিল না!

'আমি কি                    মানুষ নিয়ে  
কেবলই                    পুতুল খেলি?'  
বলে সে                    'আয়রে পুতুল  
জলে আজ                তোকেই ফেলি!  
আহারে                    নতুন চোখে  
একদিন                    কোন আলো-কে  
দেখে তুই                    কিসের বোঁকে  
জড়াবি                    বিয়ের চেলি  
তার চেয়ে                আয় মামনি  
আগে আজ                তোকেই ফেলি!'

তারপর                    বিসর্জনের  
জোড়া ঢাক                পাড়ায় পাড়ায়  
এ-রকম                    ঘটেই থাকে,  
ভেবে লোক                কষ্ট তাড়ায়!  
কিছুদিন                    স্থির থাকে জল  
ছবিও                    দেয় অবিকল-  
কবে ফের                মত্তমাদল  
সে-জলের                গ্রাসকে নাড়ায়  
ভেবে সব                    খুঁজছে পুতুল  
মেয়েদের                পাড়ায় পাড়ায়!